

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৩৬৮

(كتاب المساجد ومواقع الصلاة) (كتاب المساجد ومواقع الصلاة)

পরিচ্ছেদঃ ৫/৩৭. ফজর ও আসরের সতের মর্যাদা এবং এ দু' সালাতের প্রতি যত্নবান হওয়া।

فضل صلاتي الصبح والعصر والمحافظة عليهما

আরবী

حَدَّيْثُ جَرِيرٍ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ كُنَّا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَنَظَرَ إِلَى الْقَمَرِ لَيْلَةً يَعْنِي الْبَدْرَ فَقَالَ إِنَّكُمْ سَتَرَوْنَ رَبِّكُمْ كَمَا تَرَوْنَ هَذَا الْقَمَرَ لَا تُخْسِمُونَ فِي رُؤْيَتِهِ فَإِنْ أَسْتَطَعْتُمْ أَنْ لَا تُغْلِبُوا عَلَى صَلَةِ قَبْلِ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوبِهَا فَافْعَلُوا ثُمَّ قَرَأَ (وَسَبَّحَ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ الْغُرُوبِ)

বাংলা

৩৬৮. জরীর ইবনু 'আবদুল্লাহ (রায়ি.) হতে বর্ণিত, তিনি বলেন, একদা আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত ছিলাম। তিনি রাতে (পূর্ণিমার) চাঁদের দিকে তাকিয়ে বললেনঃ এ চাঁদকে তোমরা যেমন দেখছ, ঠিক তেমনি অচিরেই তোমাদের প্রতিপালককে তোমরা দেখতে পাবে। তাঁকে দেখতে তোমরা কোনো ভীড়ের সম্মুখীন হবে না। কাজেই সূর্য উদয়ের এবং অন্ত যাওয়ার পূর্বের সালাত (শয়তানের প্রভাবমুক্ত হয়ে) আদায় করতে পারলে তোমরা তাই করবে। অতঃপর তিনি নিম্নোক্ত আয়াত পাঠ করলেন, ”কাজেই তোমার প্রতিপালকের প্রশংসার তাসবীহ পাঠ কর সূর্যোদয়ের পূর্বে ও সূর্যাস্তের পূর্বে।” (কাফঃ ৩৯) ইসমাইল (রহ.) বলেন, এর অর্থ হলঃ এমনভাবে আদায় করার চেষ্টা করবে যেন কখনো ছুটে না যায়।

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ১: সালাতের সময়সমূহ, অধ্যায় ১৬, হাঃ ৫৫৪; মুসলিম, পর্ব ৫: মসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা, অধ্যায় ৩৬, হাঃ ৬৩৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ জারীর ইবনু আবদুল্লাহ আল বাজলী (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37293>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন